আজকের কাগজ

তারিখ 14 JAN 1993
পৃষ্ঠা ২ কলাম ২

## প্রধানমন্ত্রীর মন্তব্যে প্রাথমিক শিক্ষক সমিতির দুঃখ প্রকাশ

কিছুসংখ্যক শিক্ষকের দায়িত্ব ও কর্তব্যে অবহেলা প্রদর্শনই প্রাথমিক শিক্ষায় স্থবিরতার মূল কারণ– শীর্ষক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সাম্প্রতিক বক্তব্যে দুঃখ প্রকাশ করেছে সরকারি প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদ। সংগ্রাম পরিষদের আহ্বায়ক আবু সালেহ আবদুস সাত্তার ও যুগ্ম আহ্বায়ক এম সামসুদ্দিন খান স্বাক্ষরিত বিবৃতিতে তারা বলেন, প্রাথমিক শিক্ষায় স্থবিরতার উল্লেখযোগ্য কারণগুলো হলো– একাধিক পদ্ধতি ও প্রশাসনিক ব্যবস্থাধীনে প্রাথমিক শিক্ষা পরিচালিত হওয়া, প্রশাসনিক ক্ষেত্রে একেক সরকারের একেক পদ্ধতি গ্রহণে সৃষ্ট জটিলতা, প্রাথমিক শিক্ষার সঙ্গে জড়িত ছিলো না এমন অনভিজ্ঞ লোকদের প্রশাসনের সর্বোচ্চ পর্যায়ে বসানো, প্রাথমিক শিক্ষার প্রতি সমাজ ও প্রশাসনের চরম উদাসীনতা ইত্যাদিই দায়ী। নেতারা বলেন, শুধু এককভাবে শিক্ষকদের ওপর সমস্ত দোষ চাপিয়ে প্রাথমিক শিক্ষার উন্নয়ন হবে না। নেতারা প্রধানমন্ত্রীর এ ধরনের বক্তব্যে প্রাথমিক শিক্ষকদের প্রতি বর্তমান সরকারের রোষ দৃষ্টি ও অতীত মনোভাবের ইঙ্গিত বহন করে বলে উল্লেখ করেন।